

বুটেক্স ভর্তি পরীক্ষার ফল প্রকাশ

অনলাইন ডেস্ক

১৬ মার্চ, ২০২৫
১৬:১৬

শেয়ার

অ +

অ -



সংগৃহীত ছবি

বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ের (বুটেক্স) চার বছর মেয়াদি বিএসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে।

রবিবার (১৬ মার্চ) বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে এ ফলাফল প্রকাশ করা হয়।

ভর্তি পরীক্ষায় মেধাতালিকার শীর্ষস্থান অর্জন করেছেন আনিকা মুন। দ্বিতীয় স্থানে রয়েছেন হোসেন শাহরিয়ার মাহি এবং তৃতীয় স্থান অধিকার করেছেন তাকিয়া তাসনিম।

এবারের ভর্তি পরীক্ষায় তিন হাজার ৮০ জন শিক্ষার্থীর মেধাতালিকা প্রকাশ করা হয়েছে, যা বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য নির্ধারিত আসনের তুলনায় প্রায় পাঁচ গুণ বেশি।

গত ৭ মার্চ বুটেক্সের মূল ক্যাম্পাস ও বিএএফ শাহীন কলেজ কেন্দ্রে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয় ভর্তি কমিটির তথ্য অনুযায়ী, পরীক্ষায় প্রায় ৮৬.৫ শতাংশ শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

চলতি শিক্ষাবর্ষে ১১টি বিভাগে মোট ৬৪০টি আসনে শিক্ষার্থী ভর্তির সুযোগ পাবেন।

এর মধ্যে ইয়ার্ন ইঞ্জিনিয়ারিং, ফেব্রিক ইঞ্জিনিয়ারিং, ওয়েট প্রসেস ইঞ্জিনিয়ারিং, অ্যাপারেল ইঞ্জিনিয়ারিং এবং টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং ম্যানেজমেন্ট বিভাগে ৮০টি করে আসন রয়েছে।

এ ছাড়া টেক্সটাইল ফ্যাশন অ্যান্ড ডিজাইন, ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড প্রডাকশন ইঞ্জিনিয়ারিং, টেক্সটাইল মেশিনারি ডিজাইন অ্যান্ড মেইনটেন্যান্স, ডাইস অ্যান্ড কেমিক্যালস ইঞ্জিনিয়ারিং, এনভায়রনমেন্টাল সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং এবং টেক্সটাইল ম্যাটেরিয়ালস ইঞ্জিনিয়ারিং বিভাগে ৪০টি করে আসন রয়েছে।

ভর্তির পরবর্তী কার্যক্রম ও মেধাতালিকার বিস্তারিত তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে পাওয়া যাবে।